


“নকলকে না বলি, দিন বদলের দৃঢ় প্রত্যয়ে দেশটাকে গড়ে তুলি”



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০৮১-৭৬৩২৮, ওয়েবসাইট : www.comillaboard.gov.bd



স্মারক নং : পরী/মাধ্য/২০১৭/(৩০৪)


তারিখ : ২০/০৯/২০১৭ খ্রি:

বিষয় : পাবলিক পরীক্ষায় অংশগ্রহণের পূর্বে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ ও চূড়ান্ত পরীক্ষায় একই বিষয়ে বিভিন্ন অংশে পৃথকভাবে পাস করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ে পাঠদানকারী সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের ০৩ আগস্ট ২০১৫ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬২.১২.৩৮১ অনুযায়ী পাবলিক পরীক্ষার পূর্বে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ ও উত্তীর্ণ হওয়া বাধ্যতামূলক। নির্বাচনী পরীক্ষায় অনুত্তীর্ণ শিক্ষার্থীকে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া যাবে না। এছাড়া যে সকল শিক্ষার্থী ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদেরকেও প্রধান শিক্ষক বরাবরে আবেদন করে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে উত্তীর্ণ ও অনুত্তীর্ণদের নম্বরফর্দ সহ নামের তালিকা পরীক্ষা নিয়ন্ত্রক বরাবর ফরম পূরণের পূর্বে ডাকযোগে প্রেরণ করতে হবে এবং চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়া পর্যন্ত নির্বাচনী পরীক্ষার উত্তরপত্র বিদ্যালয়ে সংরক্ষণ করতে হবে।

অপরদিকে পাবলিক পরীক্ষার ফল প্রকাশের টেবুলেশন নীতিমালা অনুযায়ী পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তুল্লীয়), নৈর্ব্যক্তিক ও ব্যবহারিক অংশে (ন্যূনতম প্রত্যেক অংশে ৩৩ শতাংশ) নম্বর পেয়ে পৃথকভাবে পাস করতে হবে। একই বিষয়ে বিভিন্ন অংশে পৃথকভাবে পাস না করে মোট নম্বর ৩৩ বা ততোধিক হলেও সংশ্লিষ্ট শিক্ষার্থী অকৃতকার্য বলে গণ্য হবে। আগামী এসএসসি পরীক্ষা -২০১৮ হতে উপরোক্ত বিষয়গুলোর প্রতিপালন নিশ্চিত করা এবং শিক্ষার্থী, বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটিসহ সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করার জন্য সকল প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে


(কায়সার আহমেদ) ২০.৯.১৭
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২

অধ্যক্ষ/প্রধান শিক্ষক


অত্র বোর্ডের আওতাধীন মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান।

স্মারক নং : পরী/মাধ্য/২০১৭(৩০৪)/(০৫)

তারিখ : ২০/০৯/২০১৭ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

- ১। অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। জেলা প্রশাসক, কুমিল্লা / চাঁদপুর/ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর (তাঁর জেলার আওতাধীন সকল উপজেলা নির্বাহী কর্মকর্তাকে বিষয়টি অবহিত করার অনুরোধসহ)
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা / চাঁদপুর/ ব্রাহ্মণবাড়ীয়া/নোয়াখালী/ফেনী/লক্ষ্মীপুর (তাঁর জেলার আওতাধীন সকল উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাকে বিষয়টি অবহিত ও তদারক করার অনুরোধসহ)
- ৫। সংরক্ষণ নথি।


(কায়সার আহমেদ) ২০.৯.১৭
পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা
ফোন : ০৮১-৭৬১৭২